

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

এম আব্দুর রহিম মেডিকেল কলেজ, দিনাজপুর।

E-mail: dhajme@ae.dghs.gov.bd



স্মারক নং-৫৯,১৪,০০০০,০৩৭,০০,০০০,২০২৪- ১০০৬

তারিখঃ

ছাত্রাবাস/ছাত্রীনিবাস থাকার নিয়মাবলী ও আচরণ বিধি

- ১। এই নিয়মাবলী ও আচরণবিধি এম আব্দুর রহিম মেডিকেল কলেজ ছাত্রাবাস ও ছাত্রীনিবাসে থাকার নিয়মাবলী ও আচরণবিধি বলিয়া বিবেচিত হইবে।
- ২। হোস্টেলে থাকার নিয়মাবলী ও আচরণবিধি প্রত্যেক ছাত্র-ছাত্রীকে যথাযথ ভাবে মানিয়া চলিতে হইবে। অন্যথায় কলেজের একাডেমিক কাউন্সিল যে কোনরূপ শাস্তি মূলক ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।
- ৩। প্রত্যেক ছাত্র-ছাত্রীকে নিজ নিজ হোস্টেলে এবং নরাদক্ষুত নিজ নিজ আসনে অবস্থান করিতে হইবে।
- ৪। রাত্রি ৯.৩০ মিঃ ঘটিকার মধ্যে প্রত্যেক ছাত্র-ছাত্রীকে অবশ্যই হোস্টেলে ফিরিতে হইবে।
- ৫। ছাত্রদের হোস্টেলে ছাত্রী বা মহিলা, ছাত্রীদের হোস্টেলে ছাত্র বা পুরুষের আগমন, অবস্থান আলাপ চাৰিতা বা অন্য কোনরূপ যোগাযোগ, নিয়মাবলী ও আচরণ বিধির পরিপন্থি বলিয়া বিবেচিত হইবে।
- ৬। ছাত্রদের হোস্টেলে ছাত্র এবং ছাত্রীদের হোস্টেলে ছাত্র হোস্টেল সুপারের অনুমতি ব্যতিরেকে প্রবেশ করিলে বা অবস্থান করিলে তাহাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।
- ৭। কোন ছাত্র-ছাত্রী দিনাজপুর হইতে অন্যত্র যাওয়ার প্রয়োজন হইলে হোস্টেল সুপারের অনুমতি অবশ্যই লইতে হইবে। অন্যথায় কোন দুর্ঘটনার জন্য দায়ী থাকিবে, কলেজ কর্তৃপক্ষ নহে।
- ৮। প্রত্যেক ছাত্র-ছাত্রীকে নিজ নিজ পরিচয়পত্র সার্বক্ষণিক ভাবে সঙ্গে রাখিতে হইবে।
- ৯। ব্যাচে বা দিনের যে কোন সময় কলেজ কর্তৃপক্ষ হোস্টেলে পরিদর্শনে যাইবেন, তখন কোন ছাত্র-ছাত্রীকে পাওয়া না গেলে ঐ ছাত্র-ছাত্রীকে কারণ দর্শাইতে হইবে।
- ১০। হোস্টেলে কোন অতিথি অবস্থান করিতে পারিবে না।
- ১১। প্রত্যেক ছাত্র-ছাত্রীকে শালীনপোষাক, শালীনতা ও শিষ্টাচার বজায় রাখিয়া কলেজ চত্বর, হোস্টেল, রাজাসাটে বা অন্যত্র চলাফেরা করিতে হইবে এবং একই রিজ়ায় ছাত্র-ছাত্রী চলাফেরা করিতে পারিবে না।
- ১২। ছাত্র-ছাত্রীকে হোস্টেলের মেস কমিটি কর্তৃক পরিচালিত নিবন্ধীকৃত সদস্য হিসাবে খাওয়া দাওয়া করিতে হইবে।
- ১৩। হোস্টেল কক্ষে অবস্থানের সময় সহপাঠীর পড়াফলা বিমিত হইতে পারে এমন সব কার্যকলাপ হইতে বিরত থাকিতে হইবে।
- ১৪। ছাত্র-ছাত্রীদের হোস্টেলে অভিভাবকদের সাক্ষাতের সময় প্রত্যেক বিকাল ৫.০০ টা হইতে সন্ধ্যা ৭.০০ টা (গ্রীষ্মকালীন) বিকাল ৪.০০ টা হইতে সন্ধ্যা ৬.০০ টা (শীতকালীন)।
- ১৫। বৈদ্যুতিক হিটার, ফ্রিজ, ওয়াটার হিটার, মাইক্রোওভেন, ইঞ্জী যে কোন ধরনের বৈদ্যুতিক সামগ্রিক ব্যবহার সম্পূর্ণরূপে নিষিদ্ধ ও দণ্ডনীয়।
- ১৬। হোস্টেলের বাথরুম সহ অন্যান্য ফিটিংস যন্ত্রের সহিত ব্যবহার করিতে হইবে।
- ১৭। ক্যাম্পাসের পাছ পালার কোন ক্ষতি করা যাইবে না।
- ১৮। নিয়ম বর্হিত্ত কিছুর করিলে ছাত্রাবাস/ছাত্রীনিবাস থেকে বহিষ্কার করা হইবে (অভিভাবককে জানানো হইবে)।
- ১৯। প্রতিবেশীদের বিরক্তি এবং অসুবিধার কারণ হয় এইরূপ কোন কাজ করা থেকে বিরত থাকিতে হইবে।
- ২০। প্রতিবেশীর সহিত যথা সম্ভব সংস্পর্ক বজায় রাখিতে হইবে।
- ২১। হোস্টেলে পরিষ্কার পরিচ্ছন্নতা রাখার জন্য ছাত্র-ছাত্রীকে ব্যক্তিগত/গোষ্ঠীগত ভাবে দায়িত্ব পালন করিতে হইবে।
- ২২। সুনির্দিষ্ট কোন অভিযোগ থাকিলে কর্তৃপক্ষকে অবহিত করিতে হইবে, নিজে কোন রকম সিদ্ধান্ত গ্রহণ করা যাইবে না।
- ২৩। প্রতি বৎসর নতুন ভাবে বর্ষ ওয়ারী সিট বরাদ্দ দেওয়া হইবে এবং এই নিয়ম ছাত্র-ছাত্রীদের মানিয়া চলিতে হইবে।
- ২৪। শুধুমাত্র জরুরী প্রয়োজন ছাড়া রাত্রি ৯.৩০ মিঃ পর কোন ছাত্র-ছাত্রী হোস্টেল হইতে বাহির অথবা প্রবেশ করিতে পারিবেনা। এই ব্যাপারে হোস্টেলের নিরাপত্তা কর্মচারীদের যথাযথ নির্দেশ পালনের জন্য বলা হইল। জরুরী প্রয়োজনে হোস্টেল সুপারের অনুমতি সাপেক্ষে রাত্রি ৯.৩০ মিঃ-এর পর হোস্টেল ত্যাগ করা যাবে।
- ২৫। রাত্রি ১০ ঘটিকার মধ্যে সমস্ত খাওয়া শেষ করিতে হইবে। রাত্রি ১০ ঘটিকার পর কুক-মশালগী ও টেবিল বয় খাওয়া বন্ধ রাখিয়া কর্মমূল ত্যাগ করিবে।
- ২৬। দর্শনাথীদের জন্য রেজিষ্টার খাতা থাকিবে যাহাতে সকল দর্শনাথীর নাম, ঠিকানা ও আত্মীয়তার সম্পর্ক লিপিবদ্ধ করিতে হইবে।
- ২৭। দায় মুক্তি ঙ- উক্ত নিয়মাবলী ও আচরণ বিধি প্রস্তুত কমিটিকে কোন দেওয়ানী, ফৌজদারী অথবা অন্য কোন আদালতে বা প্রতিষ্ঠানে দায়ী করা যাইবে না।

(অধ্যাপক ডাঃ এ. এফ. এম. মুর্তিপ্লাহ)

অধ্যক্ষ

এম আব্দুর রহিম মেডিকেল কলেজ
দিনাজপুর।